

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
মহানগর দায়রা জজ আদালতের কার্যালয়, ঢাকা
web.https://metrodhaka.judiciary.gov.bd


স্মারক নং- ডিএমএসজে/এন/২০২৫-৩৪৫

তারিখঃ ২৭ ভাদ্র ১৪৩২
১১ সেপ্টেম্বর ২০২৫

বিষয়: মাননীয় মহানগর দায়রা জজ (সিনিয়র জেলা ও দায়রা জজ) জনাব মোঃ সাকিবর ফয়েজ মহোদয়ের জন্য আগামী ১৩/০৯/২০২৫ খ্রিস্টাব্দ স্থানীয় সময় রাত ১১:০০ ঘটিকা হতে বিমানবন্দরের ভি.আই.পি. কক্ষ ব্যবহারের প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মহানগর দায়রা জজ, ঢাকা (সিনিয়র জেলা ও দায়রা জজ) জনাব মোঃ সাকিবর ফয়েজ মহোদয় আগামী ১৩ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ স্থানীয় সময় দিবাগত রাত ১২:৫৫ ঘটিকায় Malaysia Airlines এর MH 196 নং ফ্লাইটযোগে Malaysia হতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় আগমন করবেন। মহোদয়ের প্রয়োজনীয় সংখ্যক গাড়িযোগে উল্লিখিত তারিখ ও সময়ে বিমানবন্দরে আগমন ও প্রত্যাগমন করবেন।

অতএব, মহোদয়ের জন্য আগামী ১৩ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ রোজ শনিবার স্থানীয় সময় রাত ১১:০০ ঘটিকা হতে বিমানবন্দরের ভি.আই.পি. কক্ষ ব্যবহার এবং মহোদয়ের গানম্যান জনাব ভক্ত পাল-কে বোর্ডিং ব্রিজ পর্যন্ত যাওয়ার অনুমতিসহ মহোদয়ের প্রটোকল কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তার অনুকূলে প্রটোকল পাস ইস্যু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মোঃ আব্দুল্লাহ-আল-মাসুদ)
ভারপ্রাপ্ত বিচারক, নেজারত বিভাগ
ও
যুগ্ম মহানগর দায়রা জজ
ঢাকা

নির্বাহী পরিচালক
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা

দৃষ্টি আকর্ষণ।
প্রধান নিরাপত্তা কর্মকর্তা
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা